

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩১৩৮

২০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً) পরিচ্ছেদঃ মৃতদের জন্য নারীদের বিলাপ করার বিষয়ে নিষেধাজ্ঞা

ذِكْرُ الزَّجْرِ عَنْ نِيَاحَةِ النِّسَاءِ عَلَى مَوْتَاهُنَّ

## আরবী

3138 ـ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيّ بْنِ الْمُثَنَّى قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَكَّارِ بْنِ الرَّيَّانِ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ طَلْحَةِ بْنِ مُصَرِّف عَنِ الْحَكَمِ بْنِ عُتَيْبَةَ عَنْ عَبْدُ اللَّهِ بْنُ شَدَّادِ بْنِ الْهَادِ عَنْ أَسْمَاءَ بِنْتِ عُمَيْسٍ أَنَّهَا قَالَتْ: لَمَّا أُصيب جَعْفَرُ بْنُ أَبِي طَالِب أَمَرَنِي رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَال: (تسلَّبي ـ ثلاثاً ـ ثم اصنعي بعدُ ما شئت) صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَال: (تسلَّبي ـ ثلاثاً ـ ثم اصنعي بعدُ ما شئت) الراوي: أَسْمَاء بِنْت عُمَيْسٍ المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 3138 ا خلاصة حكم المحدث: صحيح ـ ((الصحيحة)) (3226). قَالَ أَبُو حَاتِمٍ ـ رَضِيَ اللَّهُ عَنْهُ ـ: قَوْلُهُ صلى الله عليه وسلم: (تسلَّبي ـ ثَلَاثًا ـ) لَفْظَةُ أَمْرٍ قُرنت بِعَدَد مَوْصُوف قُصِدَ بِهِ الْحَسْمُ عَمَّا لَا يحلُّ اسْتِعْمَالٌ فِي ذَلِكَ الْعَدَد قَوْلُهُ صَلَّى قُرْنت بِعَدَد مَوْصُوف قُصِدَ بِهِ الْحَسْمُ عَمَّا لَا يحلُّ اسْتِعْمَالٌ فِي ذَلِكَ الْعَدَد قَوْلُهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (اصْنَعِي بَعْدُ مَا شِئْتِ) لَفْظَةُ أَمْرٍ قُصِدَ بِهِ الْإِبَاحَةُ فِي ظَاهِرِ الْخَطَّابِ مُرَادُهَا الزَّجْرُ عَنِ اسْتِعْمَالِ مَا أَمَرَ بِهِ يُرِيدُ النَّيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِقَوْلِهِ مَا مُرَدُهُا النَّهُ مِنْ أَلْهِ وَلَا النَّهُ حَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْقَرْلِهِ مَا وَصَفْتُ النَّسُلِيمَ لِأَمْرِ اللَّهِ جَلَّ وَعَلَا فِي الْأَيَّامِ الثَّلَاثِ وَقَبْلَهَا وَبَعْدَهَا.

## বাংলা

৩১৩৮. আসমা বিনতু উমাইস রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, "যখন জা'ফর বিন আবী তালিব শাহাদাত বরণ করেন, তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে আদেশ করে বলেন, "তুমি তিনদিন শোকের পোশাক পরবে। তারপর এরপর যা ইচ্ছা করো "[1]

আবৃ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের বক্তব্য "তুমি তিনদিন শোকের পোশাক পরবে" এটি একটি নির্দেশসূচক শব্দ, যার সাথে একটি নির্দিষ্ট সংখ্যা যুক্ত হয়েছে, এর দ্বারা



উদ্দেশ্য হলো ঐ নির্দিষ্ট সংখ্যক দিনগুলোতে যা করা বৈধ নয়, তা বাদ দেওয়া।

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের বক্তব্য " তারপর এরপর যা ইচ্ছা করো" এই বক্তব দ্বারা বাহ্যিকভাবে বৈধতা বুঝা যায়। কিন্তু এর দ্বারা উদ্দেশ্য হলো যা তিনি আদেশ করেছেন, তা প্রতিপালন করার ব্যাপারে নিষেধাজ্ঞা। সুতরাং বর্ণিত বাক্য দ্বারা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের উদ্দেশ্য হলো ঐ তিন দিন, তার আগে ও পরে আল্লাহর নির্দেশের কাছে আতুসমর্পন করা।"

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৬/৩৬৯; তাহাবী, শারহু মা'আনিল আসার: ৩/৭৫; তাবারানী: ২৪/৩৬৯; সুনান বাইহাকী: ৭/৪৩৮; হাইসামী, মাজমাউয যাওয়াইদ: ৩/১৭।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহাহ: ৩২২৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আসমা বিনতু 'উমায়স (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন